**2025**

Diploma Course in Bengali Language (DCBL)

**First Semester : Paper II**

General Bengali Grammar

Full Marks : 80 Time : 3 hours

**২০২৫**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**প্রথম ষাণ্মাসিক : ২য় পত্র**

বাংলা ভাষা বিজ্ঞান

পূর্ণমান : ৮০ সময় : ৩ ঘণ্টা

---

**১। সঠিক শব্দ প্রয়োগ করে শূন্যস্থান পূর্ণ করুন।** ১ x ৪ = ৪

ক) ‘প্রকৃত বাংলা ব্যাকরণ একখানিও প্রকাশিত হয় নাই।’ —উক্তিটি _______ (বিদ্যাসাগরের/রবীন্দ্রনাথের)।

খ) হরিচরণ বন্দ্যোপাধ্যায় রচিত অভিধান গ্রন্থটির নাম _______ (চলন্তিকা / বঙ্গীয় শব্দকোষ)।

গ) ভাষাতাত্ত্বিক সুকুমার সেনের মতে বাংলা ভাষাবিজ্ঞানীদের মধ্যে অগ্রগণ্য হলেন _______ (রাজা রামমোহন রায়/রবীন্দ্রনাথ ঠাকুর) ।

ঘ) ব্যাকরণের কাজ হল _______ (ভাষার স্বরূপ অন্বেষণ/ভাষা শেখানো)।

**২। দু’টি প্রশ্নের উত্তর লিখুন : -** ২ x ২ = ৪

ক) বাংলা ভাষাচিন্তার প্রথম গ্রন্থটির নাম কী? এটি কোন হরফে মুদ্রিত হয়েছিল?

খ) বাঙালির লেখা প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থটির নাম কী? বইটি কত সালে প্রকাশিত হয়?

গ) ভাষাতত্ত্ববিদদের মতে ব্যাকরণের সংজ্ঞা কী?

**৩। একটি প্রশ্নের উত্তর লিখুন : -** ৩ x ১ = ৩

ক) অনুশাসনিক ব্যাকরণ এবং নিরপেক্ষ ব্যাকরণের মধ্যে পার্থক্য কী?

খ) হরপ্রসাদ শাস্ত্রী বাংলা ব্যাকরণকে দুইটি প্যাটেন্ট হিসেবে সনাক্ত করেছেন, সেগুলি কী কী? এবং তাদের গ্রন্থকার কারা?

অপর পৃষ্ঠায় দেখুন

**৪। যে কোনও চারটির অতি সংক্ষিপ্ত উত্তর লিখুন : -** ১ x ৪ = ৪

ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তারিখটি কত?

খ) হাফলং থেকে প্রকাশিত 'বরাক উপত্যকার আঞ্চলিক বাংলা ভাষার অভিধান ও ভাষাতত্ত্ব' গ্রন্থটির রচয়িতা কে?

গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত শিশুদের প্রাথমিক শিক্ষার বইটির নাম কী?

ঘ) ODBL বইটির সম্পূর্ণ নাম লিখুন।

ঙ) ইংরাজিতে লেখা বাংলা ব্যাকরণ বিষয়ক 'A Grammar of the Bengal Language' গ্রন্থটি কার লেখা?

চ) ১৯৩৯ সালে প্রকাশিত সুকুমার সেনের রচিত ভাষাবিজ্ঞানের গুরুত্বপূর্ণ বইটির নাম কী?

**৫। সঠিক উত্তরটি লিখুন : -** ১ x ৫ = ৫

ক) বাংলায় ব্যঞ্জনধ্বনি কয়টি? (৩০/৪০)

খ) ধ্বনি আর বর্ণ কি এক?

গ) 'ন' বর্ণ উচ্চারণের সময় জিহ্বা মুখের কোন অংশ স্পর্শ করে? (শক্ত তালু/দন্ত)

ঘ) কোন বানানটি ঠিক? (মধ্যাহ্ন/ মধ্যাহ্ণ)

ঙ) ওষ্ঠ্য বর্ণ কোনগুলি? (চ, ছ, জ, ঝ/ প, ফ, ব, ভ, ম)

**৬। তিনটি প্রশ্নের উত্তর দিন : -** ২ x ৩ = ৬

ক) বন্ + অন্তর > সংস্কৃত নিয়ম এবং খাঁটি বাংলা নিয়ম অনুযায়ী সন্ধি কী হবে?

খ) ধ্বনি পরিবর্তনের ধারায় স্বরসঙ্গতি কাকে বলে? উদাহরণ দিয়ে লিখুন।

গ) অ-তৎসম শব্দে সবসময়ই কোন 'ণ' হয়? উদাহরণ সহ লিখুন।

ঘ) ঘৃষ্ট বর্ণ কী কী? তাদের এরূপ নামকরণের কারণ কী?



অপর পৃষ্ঠায় দেখুন

**৭। চারটির উত্তর লিখুন : -** ১ x ৪ = ৪

ক) পিশাচ > পিচাশ, রিকশা > রিশকা, বাস্ক > বাক্স এই ধ্বনিপরিবর্তনের সূত্রটির নাম কী?

খ) বণ্টন, লুণ্ঠন, তাণ্ডব বানানে ণ-ত্ব বিধির কোন নিয়ম প্রযোজ্য হয়েছে?

গ) ঋ-কারের পর সবসময়ই কোন 'স' হয়? একটি উদাহরণ লিখুন।

ঘ) 'দেবেন্দ্র' শব্দটির সূত্র সহ সন্ধি বিচ্ছেদ করুন।

ঙ) ব্যাকরণে 'বর্ণ' কাকে বলে?

**৮। চারটি প্রশ্নের উত্তর লিখুন : -** ২ x ৪ = ৮

ক) সাধিত শব্দ কাকে বলে? উদাহরণ সহ লিখুন।

খ) জীবন্ত ভাষার চরিত্রলক্ষণগুলি কী?

গ) বাংলা শব্দভাণ্ডারে দেশি শব্দ বলতে কী বোঝায়? উদাহরণ দিন।

ঘ) কিছু তৎসম শব্দের বানান সংস্কৃতের মতো কিন্তু উচ্চারণ বাঙালিদের মতো- দু'টি উদাহরণ দিয়ে লিখুন।

ঙ) ব্যাকরণে শব্দের প্রতিপাদিক রূপ বলতে কী বোঝায়? উদাহরণ সহ লিখুন।

চ) হিম্মত, খুন, খঞ্জর, চশমা শব্দগুলি মূলত কোন কোন ভাষার শব্দ?

**৯। শূন্যস্থান পূর্ণ করুন : -** ১ x ৩ = ৩

ক) বাক্যে _______ (ক্রিয়া/বিশেষ্য) পদের দ্বারা বর্তমান, অতীত, ভবিষ্যৎ কাল নিরূপণ করা হয়।

খ) _______ (ক্রিয়া/অব্যয়) পদের সঙ্গে কখনও বিভক্তি বা প্রত্যয় যোগ হয় না।

গ) ক্রিয়াপদ থেকে _______ (বিভক্তি/প্রত্যয়) বাদ দিলে, যা থাকে তা হল ধাতু।

**১০। দু'টি প্রশ্নের সহজ উত্তর লিখুন : -** ২ x ২ = ৪

ক) 'ঈয়' এবং 'আ' প্রত্যয় যোগ করে দু'টি বিশেষণ পদের উদাহরণ লিখুন।

খ) কেন্দ্র, কাগজ বাংলা ভাষায় ব্যবহৃত এই শব্দ দু'টির উৎসমূল কী কী?

গ) 'অন্ধকার' শব্দটির দু'টি সমার্থক শব্দ লিখুন।

ঘ) অনু, অণু- এই সমোচ্চারিত শব্দ দু'টির ভিন্ন অর্থ কী কী?



অপর পৃষ্ঠায় দেখুন

ঙ) সৌরভ গভীর রাত্রিতে যখন রেলগাড়ি থেকে নামল তখন চারিদিক ঘন কুয়াশায় ঢাকা ছিল। সে দেখতে পেল দূরে কয়েকটা আলো যেন টিম-টিম করে জ্বলছে। ধারে কাছে কেউ কোথাও নেই।
—নীচে দাগ দেওয়া পদগুলি কোনটি কী প্রকারের?

১১। **নির্দেশ অনুযায়ী বাক্যগুলি পরিবর্তন করে পুনরায় লিখুন** (৪টি) : - ১ x ৪ = ৪

ক) যদি কাজ থাকে, তাহলে আসতে পারব না। (সরল বাক্যে)

খ) মহাশয়, এখন কোথায় থাকা হয়? (কর্তৃবাচ্যে)

গ) রামলাল বিদ্যালয় প্রবেশের সম্মুখেই থমকিয়া দাঁড়াইয়া পড়িল। (চলিত ভাষায়)

ঘ) তোমার কথাটা ঠিক বুঝতে পারলাম না। (কর্মবাচ্যে)

ঙ) বৃষ্টি হলে আমি আসব না। (জটিল বাক্যে)

চ) শুভ লেখাপড়ায় ভালো হলেও ভীষণ চঞ্চল। (যৌগিক বাক্যে)

১২। (ক) **যে কোনও দু'টি বাগ্বিধির অর্থ লিখুন : -** ১ x ২ = ২

খাল কেটে কুমির আনা, রথ দেখা কলা বেচা, মধুরেণ সমাপয়েৎ।

**অথবা,**

**(খ) বিশিষ্টার্থক শব্দটির অর্থ লিখে বাক্য রচনা করুন** (১টি) : - ২ x ১ = ২

কলুর বলদ, পাকা কথা

১৩। **দু'টি প্রশ্নের উত্তর লিখুন : -** ২ x ২ = ৪

ক) কোন কোন উপভাষার সংমিশ্রণে বাংলা ভাষার সাধুগদ্য তৈরি হয়েছিল?

খ) চলিত ভাষার চরিত্রলক্ষণগুলি কী কী?

গ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'জীবনস্মৃতি' এবং 'য়ুরোপ প্রবাসীর পত্র' গ্রন্থদু'টি কোন কোন ভাষারীতিতে লেখা?

১৪। **বিরতি চিহ্ন ব্যবহার করে বাক্যটি লিখুন (দু'টি) : -** ১ x ২ = ২

ক) তিনি বললেন আমার দ্বারা ও কাজ হবে না

খ) সে বলল আচ্ছা তুমি যা চাইছ তাই হবে

গ) রামবাবু বললেন কার এত দুঃসাহস

**১৫। কোন বানানটি প্রমিত? (চারটি) : -** $^{১}/_{২}$ x ৪ = ২

ক) খ্রিষ্টীয়/ খ্রিষ্টিয়/ খ্রিস্টীয়

খ) সম্ বোধন সংবোধন/সম্বোধন

গ) উজ্জ্বল/উজ্জ্বল

ঘ) গগণ/গগন

ঙ) পরিস্কার/ পরিষ্কার

**১৬। সঠিক বানান বসিয়ে বাক্যটি লিখুন : -** ১ x ৫ = ৫

ক) তুমি কী/কি বইটা দেখেছ?

খ) এই বইটা অবশ্যই পোড়ো/পড়ো।

গ) আমি তাকে আগে কখনো দেখি নি/ দেখিনি।

ঘ) এখনও বসে আছ, তুমি যাবে কিনা/কি না?

ঙ) এমনকী/এমন কী আমিও কথাটা জানি।

**১৭। দু'টি প্রশ্নের উত্তর লিখুন : -** ৩ x ২ = ৬

ক) বাংলায় 'ৰ'' (পেটকাটা র) কেন, কবে কার হাত দিয়ে 'র' (এর নীচে বিন্দু দিয়ে) তে রূপান্তরিত হল?

খ) 'বাংলা', 'বাঙালি' শব্দদু'টি আগে কতরকম ভাবে লেখা হত? পরবর্তীকালে 'বাংলা' বানানটি কে জনপ্রিয় করে তুলেছিলেন?

গ) বাংলা বানান সংস্কারের জন্য কবে, কারা অগ্রণী ভূমিকা নিয়েছিলেন?

**১৮। তিনটি প্রশ্নের উত্তর লিখুন : -** ২ x ৩ = ৬

ক) ভাষাতত্ত্ববিদ সুকুমার সেন যে পাঁচটি ভাগে বাংলার উপভাষাগুলিকে শ্রেণিবিভক্ত করেছেন সেগুলি কী কী?

খ) বাংলা ভাষার মান্যচলিত রূপটি কোন কোন অঞ্চলের কথ্যভাষা নিয়ে গড়ে উঠেছে?

গ) উপভাষা বলতে কী বোঝায়? মূলভাষা থেকে উপভাষা কী কী ভাবে ভিন্ন হতে পারে?

ঘ) উপভাষা কীভাবে মূল ভাষার অস্তিত্ব রক্ষা করে?

ঙ) বরাক উপত্যকায় আমরা বাংলার কোন উপভাষায় কথা বলি? এই উপভাষার অঞ্চলগুলি চিহ্নিত করো।



অপর পৃষ্ঠায় দেখুন

**১৯। চারটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখুন : -** ১ x ৪ = ৪

ক) 'অবাগা যেবায় চায়, সাগর হুকায়।' এই সিলেটি উপভাষাটির মান্যচলিত রূপটি কী হবে?

খ) সিলেটিতে ব্যবহৃত নাস্তানাবুদ, বাদসা, খরিদ, হেস্তনেস্ত শব্দগুলি কোন ভাষা থেকে এসেছে?

গ) ইংরেজি শব্দ 'পকেট'-এর সিলেটি তদ্ভব রূপ কী?

ঘ) অসমিয়া ভাষার মান্যচলিত রূপটি কোন জেলার কথ্যভাষার আদলে তৈরি হয়েছে?

ঙ) ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ সংকলিত আঞ্চলিক বাংলা ভাষার অভিধানটির নাম কী?

- শেষ পৃষ্ঠা -